

# জেলে বন্দি ব্যক্তিদের প্রতিনিধিত্বের জন্য NLSA দ্বারা স্থিরীকৃত কার্য পদ্ধতি

(হেফাজতে থাকা ব্যক্তিদের প্রতিনিধিত্ব সংক্রান্ত NALSA-র আদর্শ পরিচালনা পদ্ধতির -বিষয়বস্তু স্টেকহোল্ডার অনুযায়ী বিভক্ত করা হয়েছে)।

## প্রয়োজনীয়তা

- লিগ্যাল এইড সিস্টেমে দেশব্যাপী অচিন্তা আনার জন্য
- জেল পরিদর্শনকারী আইনজীবী ও জেলে বন্দি ব্যক্তিদের মধ্যে যোগাযোগ যথাযত আইনি প্রতিনিধিও পদ্ধতিকে শক্তিশালী করা।



## জেলে বন্দি ব্যক্তিদের জন্য আইনি সহায়তা নিশ্চিত করা



### রাজ্য আইনি পরিষেবা কর্তৃপক্ষ-

- মেম্বার সেক্রেটারির দায়িত্ব নিয়মিতভাবে জেলের আইনি পরিষেবা কেন্দ্রের কাজকর্ম পর্যালোচনা করা।
- অবসরপ্রাপ্ত জেল অফিসারদের জেল পরিদর্শনকারী আইনজীবীরূপে যে সাম্মানিক মূল্য ধার্য করা উচিত তা স্থির করা।



### জেলা আইনি পরিষেবা কর্তৃপক্ষ-

#### নিয়োগ

- তালিকাভুক্ত আইনজীবীদের প্রতিটি ম্যাজিস্ট্রেট আদালত এবং প্রয়োজনে সেশনস আদালতে রিম্যান্ড আইনজীবীরূপে নিয়োগ করা।
- তালিকাভুক্ত আইনজীবীদের কয়েকজনকে জেল পরিদর্শনকারী আইনজীবীরূপে চিহ্নিত করা।
- দীর্ঘ সময়ের জন্য সাজাপ্রাপ্ত আসামীদের মধ্যে থেকে যথেষ্ট সংখ্যায় প্যারালিগাল স্বেচ্ছাসেবক চিহ্নিত করা ও তাঁদের প্রশিক্ষণ দেওয়া।
- অবসরপ্রাপ্ত জেল অফিসারদের জেল পরিদর্শনকারী আইনজীবীরূপে ব্যবহার করা যায় কিনা তা খতিয়ে দেখা।

#### আইনি সহায়তা কেন্দ্র

- জেলের মধ্যে আইনি পরিষেবা কেন্দ্রের কাজের জায়গাটি সুনির্দিষ্টরূপে চিহ্নিত করা এবং সেই জায়গায় এই কেন্দ্রের সূচরূপে কাজ করার জন্য অনুমোদিত পরিকাঠামোর ব্যবস্থা করা।
- যেখানে সম্ভব হবে জেল বন্দিদের মধ্যে ভিডিও কনফারেন্সিং-এর ব্যবস্থা করা।
- যখন কোনো বিচারধীন ব্যক্তির কোনো আইনজীবী থাকবে না তখন আইনজীবী নিয়োগের জন্য যথাযথ নির্দেশ দেওয়া।
- অবিলম্বে নজর দেওয়া প্রয়োজন এমন মামলাগুলির ক্ষেত্রে জেলা জজ বা জেল পরিদর্শক জজের সাথে যোগাযোগ করতে হবে।
- জেল অধিকর্তা তাঁর পাক্ষিক রিপোর্টে যে যে মামলাগুলির উল্লেখ করবেন সেগুলির জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করা।
- যে সব বন্দির মামলা 436A CrPC ধারায় বিবেচনার যোগ্য সেগুলি অবিলম্বে জেলার বিচারধীন পর্যালোচনা কমিটি (Undertrial Review Committee) র সামনে উপস্থিত করা।

#### আইনি সচেতনতা

- জেলের মধ্যে বিভিন্ন আইনি বিষয়ে বিশেষ করে বন্দি ব্যক্তির আইনি অধিকার সম্পর্কে সচেতনতা বৃদ্ধির জন্য ক্যাম্প করা।

#### প্রস্তাব/ অভিযোগ বাস্তব

- জেলের মধ্যে প্রস্তাব/ অভিযোগ জানাতে বন্ধ বাস্তব ব্যবস্থা করা যে বাস্তব প্রতি সপ্তাহে একবার তালিকাভুক্ত আইনজীবী এবং জেল অধিকর্তার উপস্থিতিতে খোলা হবে।
- আইনি পরিষেবা কেন্দ্রে রাখা অভিযোগ জানানোর বাস্তব জমা পড়া প্রস্তাব/ অভিযোগ সম্পর্কে পদক্ষেপ গ্রহণ করা।

#### রিপোর্ট ও নথিকরণ

- জেলের আইনি পরিষেবা কেন্দ্রে যেন সমস্ত কেসের কি অবস্থা তা নথিবদ্ধ করা নিশ্চিত করতে হবে এবং তা জেলের বন্দী এবং সেল সুপারিন্টেন্ডেন্টকে জানাতে হবে।



### তালিকাভুক্ত আইনজীবী/ জেল পরিদর্শনকারী আইনজীবী

- প্রতি সপ্তাহে অন্তত দুবার জেল পরিদর্শন করা
- নিয়মিত বন্দিদের সাথে যোগাযোগ রাখা বিশেষত নতুন বন্দিদের কাছে জেনে নেওয়া তাঁদের কোনো আইনজীবী আছে কিনা। যদি তা না থাকে তাঁদের আইনি সাহায্য পাওয়ার অধিকার সম্পর্কে অবহিত করা এবং পরবর্তী ক্ষেত্রে যদি দেখা যায় জেলা আইনি পরিষেবা কর্তৃপক্ষ কোনো আইনজীবীকে মনোনীত করেনি তখন আইনজীবী নিয়োগ করা।
- বন্দিদের সাথে কথা বলে মামলা সম্পর্কে বিশদে জানা এবং এমন সাক্ষাৎকারের প্রতিটির সংক্ষিপ্ত বিবরণ লিখে রেখে সেটি জেলা আইনি পরিষেবা কর্তৃপক্ষের সেক্রেটারিকে পাঠিয়ে দেওয়া, সঙ্গে সম্ভব হলে অভিযুক্তের পরিবারের সাথে যোগাযোগের বিশদ পাঠানো যাতে যে আইনজীবী আইনি সাহায্য দেবেন তিনি প্রয়োজনে পরিবারের সাথে যোগাযোগ করতে পারেন।
- বন্দির হয়ে জামিনের আবেদন করতে হবে বা জামিনের রায় হয়েছে কিন্তু কোনো কারণে জামিনের বন্ড জমা পড়েনি এমন সব ক্ষেত্রে জেলা আইনি পরিষেবা কর্তৃপক্ষ (DLSA)-এর সেক্রেটারিকে জানানো।
- সেক্রেটারি, DLSA-কে শুনানির তিন দিনের মধ্যে পরবর্তী শুনানির দিন ও উদ্দেশ্য জানাতে হবে।
- জেলের আইনি পরিষেবা কেন্দ্রের রেজিস্টারে যেন সমস্ত কেসের কি অবস্থা তা নথিবদ্ধ করা হয় এবং তা জেলের বন্দী এবং সেল সুপারিন্টেন্ডেন্টকে জানানো হয়।



### প্যারালিগাল স্বেচ্ছাসেবক

- বন্দিদের সাথে বিশেষ করে নতুন বন্দিদের সাথে যোগাযোগ রাখা এবং জেল পরিদর্শনকারী আইনজীবী বা DLSA-এর সেক্রেটারিকে জানানো।
- কাউকে কবে জেলে আনা হল, তাঁর বিরুদ্ধে ওঠা অভিযোগ, তাঁর কোনো আইনজীবী আছে কিনা, মামলাটি কোন পর্যায়ে আছে, শুনানির পরবর্তী তারিখ এবং আদালতের নাম নথিবদ্ধ করা।
- জেলের আইনি পরিষেবা কেন্দ্রের রেজিস্টারে যেন সমস্ত কেসের কি অবস্থা তা নথিবদ্ধ করা হয় এবং তা জেলের বন্দী এবং সেল সুপারিন্টেন্ডেন্টকে জানানো হয়।



### জেল আধিকারিক

- DLSA-এর সেক্রেটারি দ্বারা পর্যালোচনার জন্য জেল সুপারিন্টেন্ডেন্ট প্রতি পনের দিন অন্তর বন্দিদের তালিকা পাঠানো।
- তালিকাভুক্ত আইনজীবীর সামনে প্রতি সপ্তাহে একবার প্রস্তাব/ অভিযোগ বাস্তব খোলা এবং প্রয়োজনীয় ক্ষেত্রে DLSA-এর সেক্রেটারিকে জানানো।
- জেলের আইনি পরিষেবা কেন্দ্রে যেন সমস্ত কেসের কি অবস্থা তা নথিবদ্ধ করা নিশ্চিত করতে হবে এবং তা জেলের বন্দী এবং সেল সুপারিন্টেন্ডেন্টকে জানাতে হবে।



## অভিযুক্ত ব্যক্তির উপস্থিতি নিশ্চিত করা



### রাজ্য আইনি পরিষেবা কর্তৃপক্ষ

- রাজ্যের সমস্ত জেলখানা পরিদর্শন করে সেই সব ব্যক্তিদের চিহ্নিত করতে হবে যাঁদের বেশ কয়েকবার আদালতে উপস্থিত করা হয়নি এবং তারপর জেলা আইনি পরিষেবা কর্তৃপক্ষের সেক্রেটারিকে সংশ্লিষ্ট আদালতে এই নিয়ে আবেদন করার নির্দেশ দিতে হবে।
- সংশ্লিষ্ট সরকারের সাথে যোগাযোগ করে জেল বন্দীকে আদালতে উপস্থিত করার জন্য প্রয়োজনীয় সুরক্ষিত গাড়ী ও কর্মীর ব্যবস্থা করা।



### জেলা আইনি পরিষেবা কর্তৃপক্ষ

- যে সব বন্দিদের আদালতে আগে বা নির্দিষ্ট কোনো দিনে উপস্থিত করা হয়নি এমন সব মামলার কথা CJM/ CMM-কে জানানো।



### চিফ জুডিশিয়াল/ মেট্রোপলিটান ম্যাজিস্ট্রেট

- (পূর্বে বলা বক্তব্যের ভিত্তি অনুসারে) চিফ জুডিশিয়াল/ মেট্রোপলিটান ম্যাজিস্ট্রেট যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে পারেন এবং আশু ব্যবস্থারূপে কোনো ম্যাজিস্ট্রেটকে Remand সংক্রান্ত কাজ করার জন্য জেল পরিদর্শন করতে বলতে পারেন।



### আইনজীবী ও প্যারালিগাল

- নির্দিষ্ট তারিখে বন্দিদের আদালতে উপস্থিত করা হল কিনা এবং যে ক্ষেত্রে পরে অন্য কোনো দিন স্থির করা হয়নি খেয়াল রাখা ও তা DLSA-এর সেক্রেটারিকে জানানো।



**CHRI**  
Commonwealth Human Rights Initiative  
working for the practical realisation of human rights in the Commonwealth

কমনওয়েলথ হিউম্যান রাইটস ইনিশিয়েটিভ

55 এ, তৃতীয় তলা, সিদ্ধার্থ চেম্বারস -1,

নতুন দিল্লি - 110016

টেলিফোন: 91-11-43180200

ফ্যাক্স: 91-11-43180217

E-mail: info@humanrightsinitiative.org

কমনওয়েলথ মানবাধিকার উদ্যোগ (CHRI) একটি স্বাধীন, নিরপেক্ষ, আন্তর্জাতিক বেসরকারি সংস্থা, যার দায়িত্ব কমনওয়েলথ দেশগুলিতে প্রকৃত অর্থে মানবাধিকার নিশ্চিত করা।

www.humanrightsinitiative.org